



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ জরিপ অধিদপ্তর

সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর



...

সভাপতি	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক সার্ভেয়ার জেনারেল
সভার তারিখ	১১ নভেম্বর ২০২১
সভার সময়	বেলা ২:৩০ ঘটিকা
স্থান	বাংলাদেশ জরিপ অধিদপ্তর সম্মেলন কক্ষ, তেজগাঁও, ঢাকা-১২০৮
উপস্থিতি	১। পরিচালক, প্রতিরক্ষা সার্ভে ২। পরিচালক, উন্নয়ন সার্ভে, ৩। উপ-পরিচালক (প্রশাসন), ৪। সহকারী সার্ভেয়ার জেনারেল

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অফিস আদেশ নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৩১.০০৪.১৭.৩৭৮, তারিখ: ০৩ আগস্ট ২০১৯ এর মাধ্যমে গঠিত বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নৈতিকতা কমিটি ২০২১-২০২২ অর্থ বছরের ২য় প্রান্তিকের ১ম সভায় মিলিত হয়। নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১.	নৈতিকতা কমিটির সংগঠন নিয়ে আলোচনা	সভার শুরুতেই নৈতিকতা কমিটির সংগঠন নিয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ এবং প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের বাধ্যবাধকতা থাকায় অধিদপ্তরের নৈতিকতা কমিটিতে চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালক ও প্রকল্প ম্যানেজার গণকে অর্ন্তভুক্তকরণের বিষয়ে আলোচনা করা হয়।	আলোচনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপ-পরিচালক (প্রশাসন) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি
০২.	২০২১-২০২২ অর্থ বছরের ১ম প্রান্তিকের গৃহীত কার্যক্রম সম্পর্কে আলোচনা	উপ-পরিচালক (প্রশাসন) এবং নৈতিকতা কমিটির সদস্য-সচিব জানান যে, ক) ২০২১-২০২২ অর্থ বছরের শুরুতে কোভিড-১৯ পরিস্থিতির কারণে নৈতিকতা কমিটির কোন সভা আহ্বান সম্ভব হয় নাই। তবে ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক নৈতিকতা কমিটির সকল সদস্যের নীতিগত অনুমোদন গ্রহন করে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খ) এছাড়া অন্যান্য কার্যাবলী যেমন- কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ, ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ১ম প্রান্তিকের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ, ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ, অধীনস্থ অফিস সমূহ পরিদর্শন করা ইত্যাদি কার্যাবলী সম্পন্ন করা হয়েছে।	আলোচনার প্রেক্ষিতে এসজি মহোদয় নিয়মিত নৈতিকতা কমিটির সভা করার জন্য নির্দেশ প্রদান করেন। ভবিষ্যতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়টি যথাযথ গুরুত্বের সাথে গ্রহণ পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	কমিটির সকল সদস্যবৃন্দ

০৩.	২০২১-২০২২ অর্থ বছরের ২য় প্রান্তিকের গৃহীতব্য কার্যক্রম সম্পর্কে আলোচনা	<p>সদস্য-সচিব সভায় ২য় প্রান্তিকের করণীয় কার্যক্রম তালিকা উপস্থাপন করেন। তা নিম্নে আলোচনা করা হলো:</p> <p>ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহনে সভা আয়োজন</p> <p>খ) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম প্রান্তিকের কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণ</p> <p>গ) উত্তমচর্চার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ</p> <p>ঘ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা</p> <p>ঙ) প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করা।</p>	<p>আলোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:</p> <p>ক) অধিদপ্তর কর্তৃক NSDI প্রকল্পের অধীনে আয়োজিত সেমিনারটিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহনে সভা শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>খ) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম প্রান্তিকের কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করার জন্য সন্তোষ প্রকাশ করা হয়।</p> <p>গ) উত্তমচর্চার খসড়া অনুমোদন করা হয় এবং দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>ঘ) প্রশাসনিক কর্মচারীদের জন্য আয়োজিত চলমান প্রশিক্ষণে শুদ্ধাচার বিষয় অন্তর্ভুক্ত করায় সন্তোষ প্রকাশ করা হয়।</p> <p>ঙ) প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন ৩য় প্রান্তিকের নির্ধারিত কার্যক্রম হলেও করোনা পরিস্থিতি বিষয়টি বিবেচনায় নিয়ে ২য় প্রান্তিকেই নভেম্বর মাসের শেষ সপ্তাহে অথবা ডিসেম্বর মাসের ১ম সপ্তাহে আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।</p>	
-----	---	---	--	--

২০২১-২০২২ অর্থবছরের ২য় প্রান্তিকের শেষে ডিসেম্বর/২০২১ মাসে আর একটি সভা এবং ৩য় প্রান্তিকের ১ম সভা জানুয়ারি/২০২২ এর ১ম সপ্তাহে আহবানের নির্দেশনা প্রদান করা হয়। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক
সার্ভেয়ার জেনারেল

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.১০.০০৪.১৭.৫৮৪

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৮

১৬ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্র জারী গ্রুপ (জি)



ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক
সার্ভেয়ার জেনারেল